



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৭৬.২০১৮-৬১৪

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

বিষয়: মায়ানমার হতে আগত ও বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাকে বেআইনীভাবে বাংলাদেশি জাতীয়তা সনদ ও জন্ম নিবন্ধন সনদ ইস্যুকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সনদ বাতিল সংক্রান্ত।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের ইউপি শাখা -২ এর পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০০৫.১৭-১৬৭, তারিখ: ১৬ আগস্ট ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মায়ানমার হতে আগত ও বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী কল্পবাজারের রোহিঙ্গা ক্যাম্প-১৩ এ বসবাসকারী এফডিএমএন নুর ফাতেমা (MOHA ID-12620170921154402, জন্ম নিবন্ধন সনদ নং-১৯৯৫১৫৯১৬১২১০৬০৪৬) পিতা -মোঃ কবির (এফসিএন-২১২৩৭৫), মাতাঃ খতিজা বেগম, ঠিকানা: ৪নং চর কাঁকড়া, মুন মাঝির বাড়ি, নতুন বাজার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ঠিকানা দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন হতে জন্ম সনদ ও জাতীয়তা সনদ গ্রহণ করে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, মায়ানমার হতে আগত ও বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী বর্ণিত নুর ফাতেমা এর অনুকূলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন হতে প্রদত্ত জন্ম সনদ ও জাতীয়তা সনদ বাতিলপূর্বক এ কার্যক্রমের সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোহাম্মদ জহুরুল ইসলাম
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপসচিব(ইউপি-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।